গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা সেনানিবাস, ঢাকা
www.dmlc.gov.bd

নং: ২৩.২২.০০০০.০১১.১১.২৬১.২৪-২৭৮

তারিখ: ০৪ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৮ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত ১৩ থেকে ২০ নং গ্রেডের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহ পূরণের নিমিত্ত যোগ্য প্রার্থীদের নিকট থেকে অনলাইনে (http://dmlc.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র/নং | পদের নাম | গ্রেড নং | জাতীয় বেতন স্কেল-২০১৫ | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১। | ক্যাশিয়ার | ১৩ | ১১০০০-২৬৫৯০ | ০১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনার দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজি ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ এবং<br>(ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ১৪ | ১০২০০-২৪৬৮০ | ০২টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনার দক্ষতা;<br>(গ) সাঁট লিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ বা বাংলায় ৪৫ শব্দ;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজি ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ এবং<br>(ঙ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩। | এমইও ওভারশিয়ার | ১৭ | ৯০০০-২১৮০০ | ০৩টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ০১ (এক) বৎসর মেয়াদি সার্ভে বা আমিনশীপ কোর্স উত্তীর্ণ;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজি ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ এবং<br>(ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৪। | চেইনম্যান | ১৭ | ৯০০০-২১৮০০ | ৪টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ০১ (এক) বৎসর মেয়াদি সার্ভে বা আমিনশীপ কোর্স উত্তীর্ণ;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজি ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ এবং<br>(ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৫। | অফিস সহায়ক | ২০ | ৮২৫০-২০০১০ | ৭টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

## শর্তাবলি

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। বিভাগীয় প্রার্থী বলতে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর এবং এর আওতাধীন এমইও দপ্তরসমূহে রাজস্ব খাতভুক্ত পদে কমপক্ষে ০২ (দুই) বৎসর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকুরিরত-কে বুঝাবে।

২। ০১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়স হবে ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এভিডেভিট গ্রহণযোগ্য হবেনা।

৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৪। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনা প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃকপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। তাছাড়া মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়ন পত্র। একইভাবে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ এর ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপিও দাখিল করতে হবে।

৫। প্রার্থীর আবেদনপত্র শুধুমাত্র অনলাইনে গ্রহণ করা হবে। প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি বা সমমানের সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনে সেভাবেই লিখতে হবে।

৬। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের (NOC) মূল কপি জমা দিতে হবে।

৭। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপি প্রদর্শন করতে হবে এবং একসেট সত্যায়িত কপি জমা দিতে হবে;
(ক) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক ও সকল প্রকার প্রশিক্ষণের সনদ এবং সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙিন ছবি;
(খ) জাতীয় পরিচয় পত্র, পূরণকৃত Application Form ও Admit Card;
(গ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;
(ঘ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সনদ; এবং
(ঙ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

৮। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলি:
ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dmlc.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী http://dmlc.teletalk.com.bd ও www.dmlc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:-

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৩/০৩/২০২৫ খ্রিস্টাব্দ সকাল ১০.০০ টা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০/০৪/২০২৫ খ্রিস্টাব্দ বিকাল ০৫.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে যে কোন টেলিটক প্রি-পেইড নম্বর থেকে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর upload করে আবেদন Submit করার পর কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদন Submit করে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant' s Copy কে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (অসম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy-তে সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-১ ও ২ এ বর্ণিত পদের জন্য আবেদন ফি বাবদ ১০০/-(একশত টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বারো) টাকা মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ক্রমিক নং-৩ থেকে ৫ নং পদের জন্য আবেদন ফি ৫০/- (পঞ্চাশ টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬(ছাপ্পান্ন) টাকা। তবে সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না'।**

**প্রথম SMS: DMLC**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DMLC ABCDEF

Reply: Applicant's Name, Tk-112/- or 56/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DMLC<Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS: DMLC**<space>**YES**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DMLC YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DMLC Application for <post name> User ID is (ABCDEF) and password (xxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dmlc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

iii. **User ID জানা থাকলে : DMLC**<space>**Help**<space>**User**<space>**User ID** Send to 16222.

Example: DMLC HELP USER ABCDEF & Send to 16222

iv. **PIN Number জানা থাকলে : DMLC**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.

Example: DMLC HELP PIN 12345678 & Send to 16222

(ঝ) পত্রিকা ছাড়াও সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের ওয়েবসাইট www.dmlc.gov.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://dmlc.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dmlc.gov.bd হতে জানা যাবে।

(ঞ) Online-এ আবেদনের ক্ষেত্রে কোনো সমস্যা হলে যে কোনো টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.quary@teletalk.com.bd বা dg.dmlc@gov.bd ই মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ http://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: , Post Name*****, Applicant's user ID (প্রযোজ্য ক্ষেত্রে) ও Contract Number অবশ্যই উল্লেখ করতে হবে।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্র ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষায় পূর্বে বা অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। আবেদনের শেষে তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যতেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া হচ্ছে।

১০। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।।

১১। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। আবেদনের শর্তাবলিতে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

**মহাপরিচালক**

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর

প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের টেলিটক পোর্টালের QR Code